

কিশোর-কিশোরীদের জন্য: কৈশোরকালীন সেবায় স্বাগতম

আপনার কেয়ার টিম:

ক্লিনিকের সময়সূচি:

অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ/বাতিল করতে:

একটি মেডিকেল হোম হলো একটি হেলথ কেয়ার টিম এবং একজন অবহিত রোগীর (আপনার!) মধ্যে একটি বিশ্বস্ত অংশীদারিত্ব। আমরা কিশোর-কিশোরী ও তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য উচ্চ-মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদান করে থাকি। আপনাকে আপনার প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা প্রদানের জন্য আমরা আপনার এবং আপনার পরিবার/অভিভাবকের সাথে কাজ করতে চাই।

আপনার মেডিকেল হোম হিসেবে আমরা আপনাকে যেসব সেবা প্রদান করবো:

- শারীরিক স্বাস্থ্যসেবা
- আবেগজনিত বা মানসিক স্বাস্থ্যসেবা
- প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা (আপনাকে ভবিষ্যতে অসুস্থ হওয়া এড়াতে সাহায্য করা)
- স্বল্প-মেয়াদী অসুস্থতা এবং সময়ের সাথে অব্যাহত থাকে এমন স্বাস্থ্য সমস্যার ক্ষেত্রে সেবা প্রদান করা

আপনার মেডিকেল হোম হিসেবে, আমাদের লক্ষ্য থাকবে:

- আপনার আপনার স্বাস্থ্য উন্নত করার ব্যাপারে আপনার লক্ষ্য ও আইডিয়া সম্পর্কে **জিজ্ঞেস করা**।
- আপনার কথা **শোনা** এবং আপনার যেকোনো উদ্বেগের বিষয়ে কথা বলা।
- আপনি সহজে বুঝতে পারেন এমনভাবে আপনাকে স্বাস্থ্য সমস্যা সম্পর্কিত তথ্য প্রদানের মাধ্যমে আপনাকে সুস্থ থাকতে **সাহায্য করা**।
- আপনার ফোন কল, প্রশ্ন ও উদ্বেগের প্রতি দ্রুত **সাদা দেয়া**।
- আপনার কখন ফিজিক্যাল পরীক্ষা করাতে, টিকা নিতে এবং স্ক্রিনিং পরীক্ষা করাতে হবে তা **মনে করিয়ে দেয়া**।
- পরীক্ষার অস্বাভাবিক ফলাফল সম্পর্কে আপনাকে যত দ্রুত সম্ভব **জানানো**।
- প্রয়োজন হলে অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারী অথবা বিশেষজ্ঞদের সাথে আপনার চিকিৎসার ব্যবস্থা করতে **সাহায্য করা**।

একটি মেডিকেল হোম থাকার অর্থ হলো আমরা আপনার উপর নিম্নলিখিত বিষয়ে আস্থা রাখছি:

- আপনি আপনার মেডিকেল সমস্যাগুলো সম্পর্কে জানবেন এবং আমাদের আলোচ্য কোনো কিছু আপনি বুঝতে না পারলে তা আমাদেরকে জানাবেন।
- আমাদের একমত হওয়া চিকিৎসা পরিকল্পনা আপনার পক্ষে যতটা সম্ভব মেনে চলবেন।
- **সং হবেন**। আপনার মেডিকেল ইতিহাস, ঝুঁকিপূর্ণ আচরণ, এবং আপনি গ্রহণ করছেন এমন সবগুলো ওষুধ সম্পর্কে আমাদেরকে জানাবেন।
- অন্য স্বাস্থ্যসেবা প্রদানকারীরা কখন আপনার সেবার অংশ হচ্ছে সে ব্যাপারে আমাদেরকে জানাবেন। আপনি আমাদের ক্লিনিকের বাইরে তাদেরকে দেখালে তাদেরকে আমাদের কাছে একটি রিপোর্ট পাঠাতে বলবেন।

- আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য সময়মতো পৌঁছাবেন। যদি আপনি আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য আসতে না পারেন, কমপক্ষে 24 ঘন্টা আগে তা পরিবর্তন বা বাতিল করার জন্য ফোন করবেন।
- **আপনি অসুস্থ হলে** যখনই সম্ভব ইমার্জেন্সি রুমে যাওয়ার পরিবর্তে **আমাদের ক্লিনিকে আসবেন**। তাহলে, আপনাকে চেনেন এবং আপনার ইতিহাস সম্পর্কে জানেন এমন কেউ আপনাকে সেবা দিতে পারবেন।
- আপনার **MyChart রোগীর পোর্টাল** অ্যাক্সেস করার জন্য সাইন-আপ করবেন।
- আমরা কিভাবে আমাদের পরিষেবা উন্নত করতে পারি সে ব্যাপারে আমাদেরকে জানাবেন।

আপনার স্বাস্থ্য সমস্যাগুলো নিয়ে আলোচনা করার জন্য অথবা প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আমাদের কর্মীরা লভ্য আছেন। একটি সুস্থ ভবিষ্যতের জন্য সেবা সিদ্ধান্ত গ্রহণে আপনাকে সাহায্য করার জন্য আমরা আপনার সাথে কাজ করতে চাই।

কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সংক্রান্ত অধিকারসমূহ

1. আপনার জাতি, গাত্রবর্ণ, আপনার জন্মস্থান, অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, বয়স, যৌন অভিমুখীতা, লৈঙ্গিক পরিচয় বা অভিব্যক্তি, অক্ষমতা, অথবা স্বাস্থ্য বিমার কারণে আমরা আপনার সাথে ভিন্নরকম আচরণ করবো না।
2. সব কর্মী আপনার সাথে সম্মানজনক আচরণ করবেন।
3. যদি আপনার মা-বাবা/অভিভাবক আপনার সাথে থাকেন, তাহলে আপনার ভিজিটের কিছু অংশের জন্য আমরা তাদেরকে রুমের বাইরে যেতে বলবো – এটি হলো আপনার আমাদের সাথে একান্তে কথা বলার সময়। যদি আপনি স্বাচ্ছন্দ্য বোধ করেন, তাহলে আমাদের মধ্যকার আলোচনার তথ্য আপনি আপনার মা-বাবা/অভিভাবককে অথবা আপনার জীবনের অন্য কোনো আস্থাভাজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে জানানোর জন্য আমরা পরামর্শ দিবো।
4. আপনি ঠিক আছে না বললে (সম্মতি না দিলে) আমাদের কর্মীরা আপনার ব্যক্তিগত তথ্য অন্য ব্যক্তিদের সাথে শেয়ার করবেন না, যদি না আপনার অথবা অন্য কারো জীবন হুমকির মুখে পড়ে।
 - A) নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী, সব কিশোর-কিশোরী তাদের মা-বাবা অথবা আইনি অভিভাবকের অনুমতি ছাড়াই নিম্নলিখিত সেবা গ্রহণ করতে পারবে:
 - গর্ভধারণ পরীক্ষা, প্রসবপূর্ব সেবা, বিকল্প উপায়ের বিষয়ে কাউন্সেলিং এবং গর্ভপাত পরিশেষাগুলোতে রেফারাল
 - জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি সংক্রান্ত তথ্য এবং গর্ভনিরোধক সামগ্রী
 - যৌনবাহিত সংক্রমণ (sexually transmitted infections, STI) এর পরীক্ষা ও চিকিৎসা
 - মাদকদ্রব্য ব্যবহারের চিকিৎসা
 - মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কিছু চিকিৎসা
 - B) আমরা আপনার কিছু ব্যক্তিগত তথ্য শেয়ার করতে বাধ্য হবো (আইন অনুযায়ী) যখন:
 - আপনি আমাদের কর্মীকে জানান অথবা আমরা সন্দেহ করি যে কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি আপনাকে আঘাত করছেন।
 - আপনি আমাদের কর্মীকে জানান যে আপনি নিজের ক্ষতি করতে চান।
 - আপনি আমাদের কর্মীকে জানান যে আপনি অন্য কারো ক্ষতি করতে চান।

অন্য সব তথ্য আপনার ও আপনার কেয়ার টিমের মধ্যে গোপনীয় থাকবে।

5. আপনার প্রয়োজনীয় সেবা সম্পর্কে সিদ্ধান্ত নিতে আমরা আপনার সাথে একত্রে কাজ করবো। আপনি সম্ভাব্য সেরা সেবা পাবেন এবং আপনার সেবার বিকল্পগুলো আপনাকে ব্যাখ্যা করা হবে।

6. যদি আপনার অধিকার সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে অথবা আপনি মনে করেন যে আপনার সাথে দুর্ব্যবহার করা হয়েছে, তাহলে অনুগ্রহ করে আমাদের কর্মীদেরকে জানান।

অনলাইন রিসোর্সসমূহ

Nycyouthhealth.org

Nyc.gov/teen

Aap.org

Youngwomenshealth.org

Youngmenshealthsite.org